

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রিবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা-০৩
www.probashi.gov.bd

বিষয় : রিক্রুটমেন্ট এজেন্ট (লাইসেন্স, আচরণ ও শ্রেণীবিভাগকরণ) বিধিমালা, ২০১৫; অভিবাসী কর্মী কল্যাণ বিধিমালা, ২০১৫ এবং অভিবাসী কর্মী নিবন্ধন বিধিমালা, ২০১৫ বিধিমালার খসড়া চূড়ান্তকরণের নিমিত্ত আয়োজিত সভার কার্যবিবরণী।

সভাপতি : যুগ্মসচিব (কর্মসংস্থান-২)

প্রিবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার তারিখ ও সময় : ২৩ অক্টোবর, ২০১৬, বিকাল ৩:০০ ঘটিকা

স্থান : রূম নং-৭০৯, ৭ম তলা, প্রিবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তি-তে দেয়া হল (পতাকা-ক)।

আলোচনা-০১

আইএলও হতে প্রস্তুতকৃত রিক্রুটমেন্ট এজেন্ট (লাইসেন্স, আচরণ ও শ্রেণীবিভাগকরণ) বিধিমালা, ২০১৫ এর খসড়া বিধিমালার ওপর সভায় আলোচনা করা হয়। বিধিমালার ২ এর (৮) এর বিষয়ে অর্থাত রিক্রুটমেন্ট এজেন্সি সমূহের শ্রেণীবিভাগকরণের বিষয়ে বায়রার প্রতিনিধি শ্রেণীবিভাগকরণ নিরূপণ পদ্ধতি সাময়িকভাবে রহিত করার সুপারিশ করেন। তিনি সভাকে জানান যে, পার্শ্ববর্তী দেশ তথা ভারত, নেপাল, শ্রীলংকায় এখনও শ্রেণীবিভাগকরণ চালু হয়নি। তদুপরি ঐ সমস্ত দেশের তুলনায় বাংলাদেশের জনশক্তি রপ্তানীকারকদের জন্য সরকার প্রদত্ত সুযোগ সুবিধা অনেক কম বিধায় বিশ্ব বাজারে প্রতিযোগিতার জন্য বায়রা এ সময়ে শ্রেণীবিভাগকরণ পদ্ধতি চালু করার পক্ষে নয়।

এ বিষয়ে বিএমইটির প্রতিনিধি জানান যে, শ্রেণীকরণ একটি আইনগত বাধ্যবাধকতার বিষয়। এছাড়া শ্রেণীবিভাগকরণ এজেন্সিগুলোর মধ্যে সুস্থ প্রতিযোগিতার সূচনা করবে। কল্যাণ বোর্ডের প্রতিনিধি এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কত্ত্বক camel rating পদ্ধতির মাধ্যমে শ্রেণীবিভাগকরণের বিষয়টি উপস্থাপন করেন।

সিদ্ধান্ত :

শ্রেণীকরণ বিষয়ে আন্তর্জাতিক ক্ষেত্রে অন্যান্য দেশের অনুকরণীয় দৃষ্টান্ত সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য আইএলওকে অনুরোধ জানানো হবে।

আলোচনা-০২

আইএলও হতে প্রস্তুতকৃত অভিবাসী কর্মী কল্যাণ বিধিমালা, ২০১৫ এর খসড়ার ওপর সভায় আলোচনা করা হয়। কল্যাণ বোর্ডের প্রতিনিধি জানান যে, অভিবাসী কর্মী কল্যাণ বিধিমালা ২০১৫ প্রস্তুত করা হয়েছে। অভিবাসী কর্মীদের কল্যাণ বিষয়ে মন্ত্রণালয় হতে আলাদা বিধিমালা হবে কি-না সে বিষয়ে তারা পরবর্তীতে জানাবে ঘর্মে সভাকে অবহিত করবে।

সিদ্ধান্ত :

অভিবাসী কর্মী কল্যাণ বিধিমালা হবে নাকি অভিবাসী কল্যাণ বোর্ড বিধিমালা হবে সে বিষয়ে কল্যাণ বোর্ড মন্ত্রণালয়কে অবহিত করবে।

আলোচনা-০৩

আইএলও হতে প্রস্তুতকৃত অভিবাসী কর্মী নিবন্ধন বিধিমালা, ২০১৫ এর খসড়ার ওপর সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত :

অভিবাসী কর্মী নিবন্ধন বিধিমালা, ২০১৫ এর খসড়ার ওপর বিএমইটি মতামত প্রদান করবে।

আলোচনার জন্য অন্য কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)

(মোঃ বদরুল আরেফীন)

যুগ্মসচিব (কর্মসংস্থান-২)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়